

ফোন :
অফিস : ৯৫১১২৯৩,
৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০২০(২য় খন্ড)/৮৫

তারিখঃ ২৩-০৯-২০২০ খ্রিঃ

দপ্তরাদেশ

“ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চরআলগী ইউনিয়ন রক্ষার্থে ব্রহ্মপুত্র নদের বাম তীরে বেড়ী বাঁধ নির্মাণ” শীর্ষক চলমান এডিপিভুক্ত প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি প্রণয়নের নিমিত্ত মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম ও পদবি	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	জনাব মোহাম্মদ মাহতাব হোসেন, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব গোলাম ফারুক আহমেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রকল্পের মূল উদ্দেশ্যের সাথে সংগতি রেখে ডিপিপিভুক্ত ও বিহীন কাজের বিয়োজনের/সংযোজনের যৌক্তিকতা নিরূপণে ডিজাইন রিভিউসহ প্রয়োজ্য হলে অন্যান্য বিভিন্ন অংশের কাজের পরিমাণ ও ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণে পাইপ আউটলেট, রেগুলেটর নির্মাণ/মেরামত ও বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং অবাধ প্রবাহ ও নাব্যতা নিশ্চিতকরণে খনন/পুনর্খনন এবং অন্যান্য কাজের বা জল অবকাঠামো নির্মাণ/পুনর্নির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;
 - প্রয়োজ্য ক্ষেত্রসমূহে যথাসম্ভব কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;
 - বাপাউবোর চলতি রোট সিডিউল, সংশ্লিষ্ট এলাকার জন্য প্রয়োজ্য নকশা ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে পরিবর্তিত পরিস্থিতিতে প্রণীত ও অনুমোদিত নকশার ভিত্তিতে বিভিন্ন অংশসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণপূর্বক প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
 - প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;
 - বর্ণিত স্থানসমূহ রপ্তানি সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।
- কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা সম্পাদন প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রহে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
 - মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।
 - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
- জনাব মোহাম্মদ মাহতাব হোসেন, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
- জনাব গোলাম ফারুক আহমেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
- জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

- ১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/নকশা, বাপাউবো, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
- ৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। সিঃ সিস্টেম এনালিস্ট আইসিটি সিস্টেম, বাপাউবো, ঢাকা। বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৭-৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।